



তারিখ : ১২ মার্চ ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল-কেন্দ্রীয় কমিটির সভাপতি এবং সাধারণ সম্পাদক এর বিবৃতি

মিথ্যা, বানোয়াট, ভুয়া ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত মামলায় জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল-ঢাকা মহানগর উত্তর শাখার সহ-সভাপতি মোস্তফা কামাল হৃদয়, সাংগঠনিক সম্পাদক শমশের আলী খোকন, ঢাকা মহানগর উত্তর এর উত্তরখান থানা শাখার ভারপ্রাপ্ত আহবায়ক আনোয়ার হোসেন এবং উত্তরা পশ্চিম থানা শাখার সিনিয়র যুগ্ম আহবায়ক সেলিম হাওলাদার এর জামিন নামঞ্জুর করে কারাগারে প্রেরণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে বিবৃতি দিয়েছেন বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় সভাপতি এস এম জিলানী এবং সাধারণ সম্পাদক রাজিব আহসান।

আজ এক বিবৃতিতে নেতৃত্ব বলেন, “৭ জানুয়ারী প্রহসনমূলক নির্বাচনের পর দেশকে পুলিশী রাষ্ট্রে পরিণত করা হয়েছে। ডামি আওয়ামী শাসকগোষ্ঠী তাদের অবৈধ ক্ষমতা ধরে রাখতে দেশব্যাপী বিএনপিসহ বিরোধী দলের নেতাকর্মীদের ওপর ভয়ঙ্কর জুলুম-নির্যাতন চালাতে মরিয়া হয়ে উঠেছে। বেপরোয়া গতিতে মিথ্যা ও ভিত্তিহীন মামলা দায়ের করে বিরোধী নেতাকর্মীদের ওপর জুলুম চালানোর উদ্দেশ্যই হচ্ছে-দেশের বিরোধী দলগুলো যেন দখলদার আওয়ামী সরকারের স্বেচ্ছাচারী শাসনের বিরুদ্ধে কোন টু শব্দ উচ্চারণ করতে না পারে। মিথ্যা মামলায় বিএনপি নেতাকর্মীদেরকে জামিন না দিয়ে কারাগারে পাঠানোকে ফ্যাসিস্ট আওয়ামী সরকার এখন তাদের দৈনন্দিন রুটিন ওয়ার্কে পরিণত করেছে। জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের উপরোল্লিখিত নেতৃত্বদের জামিন নামঞ্জুর ও কারাগারে প্রেরণ সেই রুটিন ওয়ার্কেরই নিরবচ্ছিন্ন অংশ।

আদালত কর্তৃক তাদের জামিন বাতিল ও কারান্তরীণের ঘটনায় আমরা গভীর উদ্বেগ প্রকাশ করছি এবং অবিলম্বে তাদের বিরুদ্ধে দায়েরকৃত বানোয়াট ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত মামলা প্রত্যাহারসহ নিঃশর্ত মুক্তির জোর আহবান জানাচ্ছি।”

বার্তা প্রেরক,

(আব্দুল্লাহ আল মামুন)

দপ্তর সম্পাদক (যুগ্ম-সম্পাদক পদমর্যাদা)

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল।

কেন্দ্রীয় কমিটি